The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 824 | 28 June 2024 | শুক্রবার ১৪ আষাঢ় ১৪৩১




AOC easily wins reelection >> Page 24

Fireworks will light Up the Astoria Park >> Page 24



Mehazabien, Farin back Argentina >> Page 24

IND vs SA in 2024 World Cup Final >> Page 25



সিএনএন-এ প্রেসিডেন্সিয়াল বিতর্ক

# বাইডেন-ট্রাম্পের প্রথম বাকযুদ্ধ

**মনজুর আহমদ ও হাসানুজ্জামান সাকী**

প্রথম বিতর্কে প্রেসিডেন্ট জো বাইডেন ও তাঁর প্রতিদ্বন্দ্বী ডোনাল্ড ট্রাম্প পরস্পরকে আক্রমণের মধ্যে দিয়ে বিভিন্ন ইস্যুতে নিজেদের বক্তব্য তুলে ধরেছেন। গতকাল বৃহস্পতিবার রাতে জর্জিয়ার আটলান্টায় প্রথম প্রেসিডেন্ট বিতর্কে সাবেক প্রেসিডেন্ট ট্রাম্প বর্তমান প্রেসিডেন্ট বাইডেনকে যুক্তরাষ্ট্রের ইতিহাসে নিকৃষ্টতম প্রেসিডেন্ট হিসেবে অভিহিত করেছেন। পক্ষান্তরে বাইডেনও ট্রাম্পকে আদালত কর্তৃক দন্ডিত একজন 'ফেলোনি' অপরাধী হিসেবে অভিহিত করে বলেন, পরিচালিত এক জরিপে ট্রাম্পই আমেরিকার সর্বকালের নিকৃষ্টতম প্রেসিডেন্ট হিসেবে বিবেচিত হয়েছিলেন। তারা কয়েকবারই পরস্পরকে মিথ্যাবাদী হিসেবেও অভিযুক্ত করেন।

মার্কিন গণমাধ্যম সিএনএন-এর আয়োজনে এই বিতর্ক অনেক কারণেই ঐতিহাসিক। চলতি এরপর ৩৮ পৃষ্ঠায়



*সিএনএন'র আটলান্টা স্টুডিওতে প্রথম প্রেসিডেন্সিয়াল বিতর্কে মুখোমুখি হন জো বাইডেন ও ডোনাল্ড ট্রাম্প ছবি: সংগৃহীত*

সাজা ঘোষণা ১০ সেপ্টেম্বর

## ফাহিম হত্যায় হাসপিল দোষী সাব্যস্ত

**আজকাল রিপোর্ট**

বাংলাদেশি আমেরিকান 'পাঠাও'র সিইও ফাহিম সালেহ হত্যাকাণ্ডে তাঁর সাবেক সহকারী টাইরেস হাসপিল দোষী সাব্যস্ত হয়েছেন। ম্যানহাটানের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসের এক বিবৃতিতে এ তথ্য জানিয়ে বলা হয়েছে, ২০২০ সালে নিউইয়র্কের ম্যানহাটানে এরপর ৪৪ পৃষ্ঠায়

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফর

# তিস্তা নিয়ে মমতার হুঁশিয়ারি

**মাসুদ করিম**, *ঢাকা থেকে*

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাম্প্রতিক ভারত সফরকালে তিস্তা নিয়ে জটিল এক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। শেখ হাসিনার সফরের পর পরই পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এক চিঠিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে কড়া বার্তা দিয়েছেন। চিঠিতে তিনি বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তিস্তা চুক্তি নিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিশ্চয়ই কিছু না কিছু কথা বলেছেন। এই আলোচনায় পশ্চিমবঙ্গের কোনও প্রতিনিধি রাখা হয়নি। পশ্চিমবঙ্গকে পাশ কাটিয়ে তিস্তা চুক্তি করা হলে তার পরিণতি সম্পর্কেও হুঁশিয়ারি উচ্চারণ করেন তিনি। মমতা ব্যানার্জি গঙ্গার পানিবন্টন চুক্তি নবায়ন করার ব্যাপারেও তাঁর আপত্তি উত্থাপন করে বলেছেন, এরপর ৫৪ পৃষ্ঠায়



রেল ট্রানজিটে অগ্রগতি, উভয় দেশের ভেতর দিয়ে চলবে ট্রেন

টি-২০ বিশ্বকাপ

## ফাইনালে ভারত-সাউথ আফ্রিকা

**আজকাল স্পোর্টস**

টি-টোয়েন্টি বিশ্বকাপের বর্তমান চ্যাম্পিয়ন ইংল্যান্ড। সবশেষ আসরে পাকিস্তানকে হারিয়ে শিরোপা জিতেছিল ব্রিটিশরা। টি-টোয়েন্টি বিশ্বকাপের চলমান নবম আসরের দ্বিতীয় সেমিফাইনালে বৃহস্পতিবার ইংরেজদের হারিয়ে তৃতীয়বারের মতো ফাইনালে উঠে এরপর ৫৪ পৃষ্ঠায়

বাংলাদেশ

## পুলিশের দুর্নীতি ফাঁস করছে পুলিশই

**হাসান মাহমুদ**

ঢাকার সাবেক পুলিশ কমিশনার আসাদুজ্জামান মিয়া সহ পুলিশ কর্মকর্তাদের ব্যক্তিগত তথ্য পাচারের ঘটনার সঙ্গে কিছু পুলিশ কর্মকর্তার সংশ্লিষ্টতা রয়েছে বলে অভিযোগ উঠেছে। ন্যাশনাল টেলি কমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) এ সংক্রান্ত বিভিন্ন তথ্য তুলে ধরে বলেছে, পুলিশের ভেতরেরই মহল বিশেষ এসব বিষয় ফাঁসের সাথে জড়িত। এনটিএমসি'র এই তথ্যে এখন বাংলাদেশ পুলিশের অন্দরমহলে 'অবিশ্বাস' মাথাচাড়া এরপর ৪৪ পৃষ্ঠায়

# ঋণে জর্জরিত বাংলাদেশ

**আবু সাইম**

চরম চাপে অর্থনীতি ঋণ করে ঋণ শোধ রিজার্ভ কমে ১২.৮ বিলিয়ন ডলার

অভ্যন্তরীণ সম্পদ আহরণে অদক্ষতায় বাংলাদেশের বিদেশি ঋণ নির্ভরতা দেশের অর্থনীতিতে চাপ তৈরি করেছে। সম্প্রতি ডলারের বিপরীতে টাকার মান কমে যাওয়ায় সরকারের ঋণ ও ঋণের সুদ পরিশোধের ব্যাপারে দুশ্চিন্তাও বেড়েছে। এ অবস্থায় সরকারকে ঋণ করেই আগের ঋণ পরিশোধ করতে হচ্ছে। এতে মোট বৈদেশিক ঋণের প্রায় অর্ধেকই ঋণের সুদ-আসলে ব্যয় হচ্ছে। সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সর্বশেষ পরিসংখ্যানে এমন তথ্য উঠে এসেছে।

ইআরডির তথ্য বলছে, চলতি অর্থবছরের সরকার ১১ মাসে (জুন-২৩ থেকে মে-২৪) ৭০২ কোটি ডলারের বৈদেশিক ঋণ-অনুদান পেয়েছে। এর মধ্যে ৬৬১ কোটি ৫৩ লাখ ডলার ঋণ, বাকি ৪০ কোটি ৫১ লাখ ডলার অনুদান। তবে বিদেশ থেকে পাওয়া এ অর্থের প্রায় ৪৪ শতাংশই আগের নেওয়া ঋণের আসল ও সুদ এরপর ২০ পৃষ্ঠায়

খালেদা জিয়ার মুক্তির দাবি

## ঢাকায় বড় শোডাউন করবে বিএনপি

**ঢাকা অফিস**

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার শরীর ভাল যাচ্ছে না। শারীরিক অবস্থার অবনতি হলে দ্রুত তাকে পেস মেকার লাগানো হয়। যদিও অনেকে ভয় পেয়েছিলেন, পেসমেকার লাগানোর সময় বেগম জিয়ার অবস্থা আরও খারাপ হতে পারে। কিন্তু নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে অনেকটা নিরাপদে পেসমেকার লাগানো সম্ভব হয়েছে। এই পরিস্থিতিতে খালেদা জিয়ার মুক্তির দাবিতে বড় শোডাউনের প্রস্তুতি চলছে। গত সোমবার স্থায়ী এরপর ২০ পৃষ্ঠায়


MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312033

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs · Inquiries · Collections · Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email- moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO


KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন ।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি ।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MHC

# Marks Home Care

## মার্কস্ হোম কেয়ার



আমরা নূতন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

**We Welcome Agency Transfers and New Clients.**

FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

### Bronx

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgrow Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave,
Bronx, NY 10457

### Brooklyn

413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

### Queens

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

### Hicksville

217 Bethpage road
Hicksville, NY 11801

### Buffalo

1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

### Rochester

504 W Main St
Rochester, NY 14608

## বিস্তারিত জানতে কল করুন

# 718-697-7717

E-mail : info@markshhc.com | www.markshhc.com

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- *নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)*
- *ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)*
- *ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম*
- *নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)*
- *চুলকাটা ও প্রসাধনী সহায়তা*
- *ওজু ও নামাজের ব্যবস্থা*
- *টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার*
- *ইংরেজী ও কম্পিউটার ক্লাস*
- *সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা*

### শিক্ষা কার্যক্রম

- *কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ*
- *গ্রন্থাগার*

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- *ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা*
- *ফিজিক্যাল থেরাপী*

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- *রিলাক্সেশন স্কিল ট্রেনিং*
- *পরামর্শ এবং সহায়তা গ্রুপ*
- *মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট*

### বিনোদনমূলক কার্যক্রম

- *পিকনিক*
- *যাদুঘর ভ্রমণ*
- *সমদ্র সৈকতে পার্টি*
- *নৌ-ভ্রমণ ও মৎস শিকার*

### আধ্যাত্মিক কার্যক্রম

- *শান্ত সময়*
- *ধ্যান*

### অবসর কার্যক্রম

- *কেরাম বোর্ড*
- *লুডু*
- *দাবা*
- *ধাঁধা*
- *অধ্যায়ন*

**We speak Spanish, Urdu, Hindi & Arabic**



আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

**1217 Liberty Avenue, Brooklyn, NY 11208**

# রাসেলস ভাইপারের ভয়ের চেয়ে বড় ভয় কি জানেন

মনোজ দে

সাবেক ও বর্তমান মিলিয়ে পদস্থ কর্মকর্তাদের একের পর এক আর্থিক কেলেঙ্কারির খবর সামাজিক যোগাযোগ ও সংবাদভুবুই মাধ্যমে ভাইরালের মতো ছড়াচ্ছে। দেশে এখন একই সঙ্গে ঘটনার এত ঘনঘটা যে কোনটা মূল ঘটনা আর ছদ্ম ঘটনা, তা বোঝা দুষ্কর।

এই যেমন চন্দ্রবোড়া বা রাসেলস ভাইপার সাপ নিয়ে যে তুলকালাম হচ্ছে, সেটার কথাই ধরা যাক। ফেসবুক খুললেই দেখা যাচ্ছে, এক পক্ষ সমানে ভয় ছড়াচ্ছে। যেন ঘরে-বাইরে সবখানেই ওত পেতে আছে ভয়ংকর বিষধর সাপ, মানুষ দেখলেই তাড়া করে ছোবল দেবে।

প্রচারণাটা এমনভাবে ছড়িয়েছে যে মানুষ সাপের ভয় পাচ্ছে। এই ভয়ের পেছনে একটা ঐতিহাসিক কারণও থাকতে পারে। বহু শতাব্দী ধরে সাপ আর বাঘের সঙ্গে এই ভূমির মানুষদের, আরও স্পষ্ট করে বললে এই ভূমিতে বসতি স্থাপনকারীদের লড়াই চলেছে। মধ্যযুগের মনসামঙ্গল কাব্যে চাঁদ সওদাগরের সঙ্গে দেবী মনসার বৈরিতার যে ছবি আমরা দেখতে পাই, সেটা নিশ্চিতভাবেই সেটারও প্রতিচ্ছবি। সাপ নিয়ে জনমানসে তাই মিথ ও লোককথারও কমতি নেই।

যাহোক, ভয় ও আতঙ্ক এমন পর্যায়ে পৌঁছে গেছে যে রাসেলস ভাইপার হোক আর অন্য কোনো সাপ হোক, দেদার পিটিয়ে মেরে ফেলা হচ্ছে। কিন্তু সাপ তো আমাদের বাস্তুসংস্থানের গুরুত্বপূর্ণ অংশ। প্রতিবছর ইঁদুরে যে পরিমাণ ফসল খেয়ে ফেলে, সাপ না থাকলে তার চেয়ে বহুগুণ ফসল খেয়ে ফেলত ইঁদুরে। সাপ ইঁদুর খেয়ে সেই ভারসাম্য রক্ষা করে। যেভাবে সাপ মারার উৎসব চলছে, তাতে খাদ্যসংকট তৈরি হওয়ার আশঙ্কা করছেন কেউ কেউ।

এ প্রসঙ্গে চীনের অভিজ্ঞতা আমাদের সবারই স্মরণে রাখা দরকার। ষাটের দশকের শেষ ভাগে চীনে সাংস্কৃতিক বিপ্লব যখন চলছিল, তার একপর্যায়ে একবার কমিউনিস্ট পার্টির দিক থেকে সিদ্ধান্ত নেওয়া হলো, চড়ুই পাখি প্রচুর খাদ্যশস্য খেয়ে ফেলছে, সে কারণে চড়ুই পাখির সংখ্যা কমানো হোক। লোকজন অতি উৎসাহে চড়ুই পাখি মারা শুরু করল। কিন্তু দেখা গেল সে বছর ফসলের উৎপাদন আগের বছরের চেয়ে অনেক কমে গেছে। বলা চলে দুর্ভিক্ষের পরিস্থিতি সৃষ্টি হলো। তার কারণ হলো, কীটপতঙ্গের উপদ্রব এতটাই বেড়ে গিয়েছিল যে তাতে ফসলের ব্যাপক ক্ষতি হয়েছিল। বলা বাহুল্য যে চড়ুই পাখির প্রধান খাবার কীটপতঙ্গ।

কাজেই ভয় ও আতঙ্ক থেকে যে প্রতিক্রিয়া আসে, আখেরে সেটা ভালো ফল বয়ে নিয়ে আসে না।

দুই.

পুলিশের সাবেক ও বর্তমান কর্মকর্তাদের কয়েকজনের বিপুল সম্পদের খবর গণমাধ্যমে প্রকাশিত হওয়ার পর পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন থেকে শুরু করে সরকারের মন্ত্রীরা বিবৃতি দিয়ে এ ধরনের সংবাদ প্রকাশকে উদ্দেশ্যপ্রণোদিত বলে সাবধানতা অবলম্বনের কথা বলেছেন। প্রশ্ন হচ্ছে, দুর্নীতিবাজদের দায় কেন পুলিশের সংগঠন কিংবা মন্ত্রীরা নিজেদের কাঁধে তুলে নিচ্ছেন।



দেশে এই যে সর্বগ্রাসী দুর্নীতি, তার মূল দায় অবশ্যই রাজনীতিবিদদের। ক্ষমতার জন্য এখন জনগণ আর ম্যাটার করে না, ম্যাটার করে সামরিক-বেসামরিক আমলাতন্ত্র, পুলিশ ও ব্যবসায়ীদের অভিজাত অংশ। ক্ষমতাসীন রাজনীতির সঙ্গে তাদের লেনদেন ও পরস্পরকে রক্ষার বিনিময়ে যে শক্তিশালী নেক্সাস গড়ে উঠেছে, সেটাই কি এই সর্বব্যাপী দুর্নীতির উৎস নয়?


সম্প্রতি অধ্যাপক হারুন-অর-রশিদ প্রথম আলোর সঙ্গে এক সাক্ষাৎকারে বিদ্যমান এই ব্যবস্থার একটা ব্যাখ্যা দিয়েছেন। তাঁর মতে, 'বাংলাদেশের সাংঘর্ষিক রাজনীতির কারণে ক্ষমতায় থাকা রাজনৈতিক দল চায় সব সময় ক্ষমতায় থাকতে। ক্ষমতায় থাকতে হলে ক্ষমতার ক্ষেত্রে যারা ম্যাটার, তাদের ওপর নির্ভর করতে হয়। এ কারণেই বৃহত্তর রাজনৈতিক দল হওয়া সত্ত্বেও আওয়ামী লীগকে এখন ব্যবসায়ী, প্রশাসন, আমলাতন্ত্র, পুলিশ ও সেনাবাহিনীর ওপর নির্ভর করতে হচ্ছে। তারা আবার সেই সুযোগও নিচ্ছে।' (আওয়ামী লীগের সর্বশ্রেষ্ঠ অর্জন স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা, ২৩ জুন ২০২৪)

ক্ষমতাসীন রাজনীতি এবং আমলাতন্ত্র ও ব্যবসায়ীদের পারস্পরিক নির্ভরশীলতা দেশে শেষ পর্যন্ত একটা দায়মুক্তির সংস্কৃতি তৈরি করেছে। এনবিআর কর্মকর্তা মতিউর রহমানের কথাই ধরা যাক। পচা শামুকে পা কাটার মতো ছাগলকাণ্ডে ধরা পড়ার আগে মতিউর রহমান বহু বছর ধরে দুর্নীতি ও জালিয়াতির সাম্রাজ্য গড়ে তুলেছিলেন। তাঁকে নিয়ে সংবাদমাধ্যমে নানা সময়ে অনুসন্ধানী প্রতিবেদনও প্রকাশিত হয়েছে।

ফেসবুকে অনেকে শেয়ার করেছেন, ২০০৮ ও ২০০৯ সালে মতিউর যখন কাস্টমসের যুগ্ম কমিশনার ছিলেন, তখন তাঁর দুর্নীতি ও জালিয়াতির খবর প্রকাশিত হয়েছিল। কিন্তু বিচার তো হয়নি; বরং দুদকের সাবেক প্রধান বদিউর রহমানের ভাষ্য অনুযায়ী, মতিউরকে রক্ষায় ক্ষমতার কেন্দ্রে থাকা ব্যক্তিরা তদবির করেছিলেন। সেই পুরস্কারে গত ১৬ বছরে শত শত কোটি টাকার মালিক হয়েছেন তিনি।

সম্প্রতি সামরিক-বেসামরিক আমলাদের কয়েকজনের বিপুল সম্পত্তির খবর পাওয়া গেছে, সব ক্ষেত্রেই অন্য একটা বিশেষ ধরন দেখা যাচ্ছে। তাঁরা সবাই বিপুল পরিমাণ কৃষিজমি দখল কিংবা জোর করে কেনা কিংবা সত্যিকারের কিনে সেখানে রিসোর্ট কিংবা খামার বা বিনোদনকেন্দ্র বানাচ্ছেন।

আলাদিনের দৈত্যের চেরাগ পাওয়াদের এই রিসোর্টবিলাস দেখে ফেসবুকে একজন সাংবাদিক ↘ এরপর ১৬ পৃষ্ঠায়



> সম্প্রতি সামরিক-বেসামরিক আমলাদের কয়েকজনের বিপুল সম্পত্তির খবর পাওয়া গেছে, সব ক্ষেত্রেই অন্য একটা বিশেষ ধরন দেখা যাচ্ছে। তাঁরা সবাই বিপুল পরিমাণ কৃষিজমি দখল কিংবা জোর করে কেনা কিংবা সত্যিকারের কিনে সেখানে রিসোর্ট কিংবা খামার বা বিনোদনকেন্দ্র বানাচ্ছেন। আলাদিনের দৈত্যের চেরাগ পাওয়াদের এই রিসোর্টবিলাস দেখে ফেসবুকে একজন সাংবাদিক লিখেছেন, 'পথে যেতে যেতে মাঝে মাঝে ধু ধু মাঠের মধ্যে প্রাসাদোপম রিসোর্ট দেখা যায়। আগে ভাবতাম সেগুলো হয়তো প্রবাসীদের বাড়ি। এখন বুঝতে পারছি, সেগুলো আসলে কাদের বাড়ি।' দেশের জনসাধারণের বড় একটা অংশ এখন রাসেলস ভাইপারের ভয়ে ভীত ও আতঙ্কিত। সেই ভয়ের অনেকটাই চাপিয়ে দেওয়া। অথচ বানানো এই ভয়ের আড়ালে চাপা পড়ে যাচ্ছে সত্যিকারের ভয়

# বিষয় ছাগল নয় বরং 'মতিউর রহমান গং'

সালেক উদ্দিন

> এই কালো টাকার মালিক কারা? এরা আমাদেরই মতিউর রহমান গং। শুধু আমলা মতিউর রহমানরাই নয়, দুরবিন দিয়ে দেখুন, দেখবেন কত রাজনীতিবিদ, কত ব্যবসায়ী, কত চাকরিজীবী এই বলয়ে বিচরণ করছে। তাদের সরকার কেন বের করে জনসম্মুখে আনতে পারছে না? কিংবা কেন তাদের দৃষ্টান্তমূলক শাস্তি হচ্ছে না? এটা অনেকেরই প্রশ্ন। যাহোক যে কথাটি বলার জন্য এত সব কথা বলা তা হলো মতিউর রহমান গংয়ের মূলোৎপাটন অত্যাবশ্যক। এসব ছোট বড় মাঝারি মতিউর রহমানরা যদি আমলাতান্ত্রিক কৌশলে, রাজনীতির আশীর্বাদে অথবা অন্য কোনও ক্যারিশমায় পার পেয়ে যেতেই থাকে, তবে আরও মতিউর, বেনজীর, আসাদুজ্জামানরা সংখ্যায় বাড়তেই থাকবে



ভেবেছিলাম ছাগল নিয়ে অনেকেই লিখেছে, আমি আর লিখবো না। কিন্তু ছাগলকাণ্ডে আলোচিত এনবিআর সদস্য মতিউর রহমান দেশ ছেড়ে পালিয়েছেন বলে একটি গুজব ছড়িয়ে পড়েছে। ইমিগ্রেশন কর্মকর্তারা বিষয়টি জানিয়েছেন মতিউর দেশ ছেড়ে যাননি। এটাই ছাগল নিয়েই লিখতে উদ্বুদ্ধ করলো।

এনবিআর সদস্য মতিউর রহমান নিজে কোরবানির ছাগল কিনেননি। কিনেছিলেন তার ছেলে। এত টাকা দিয়ে ছাগল কেনার খবর সামাজিক যোগাযোগমাধ্যম থেকে শুরু করে সংবাদপত্রের খবরে চলে আসে। এমনকি দু-একজন কলামিস্ট তাদের কলামে আমলার ছেলের ব্যয়বহুল কোরবানির ছাগল ক্রয়ের বিষয় তুলে ধরেন।

মতিউর রহমানের সন্তান এবারের কোরবানির ঈদে ১৫ লাখ টাকায় একটি ছাগল ক্রয় করে বুক চিতিয়ে 'বাহাদুরি' করা থেকেই বিষয়টি জন্ম নিয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে, বিশেষ করে ফেসবুকে খবরটি আসে এক ধনবান পুত্রের বিলাসীকাণ্ড হিসেবে। ফেসবুক এবং গণমাধ্যম ঘটনার নাড়ি-নক্ষত্র নিয়ে এমনভাবে টানাহেঁচড়া শুরু করে যে ছাগল কর্মকাণ্ডটি ভাইরাল হয়ে ঘুরতে থাকে সবার মুখে মুখে।

গণমাধ্যমগুলো তার টাকার উৎস কী এবং সেই টাকার যথাযথ কর দেওয়া হয় কিনা সেসবের খোঁজ খবর নিতে মাঠে নামেন। টনক নড়লো দুদকের। সরকারের সংস্থাগুলোও নড়েচড়ে উঠলো। বেরিয়ে আসতে শুরু করলো ছাগল ক্রেতার পিতা এনবিআর সদস্য মতিউর রহমানের দেশে-বিদেশে অঢেল সম্পত্তির সন্ধান। জানা গেলো তার সন্তানরা কোটি কোটি টাকা দামের গাড়ি চালায়, দেশে-বিদেশে রয়েছে তাদের অঢেল সম্পত্তি। নিজ এলাকায় গড়ে তুলেছেন বিরাট সাম্রাজ্য। ছেলে আমেরিকার নামকরা বিশ্ববিদ্যালয়ে পড়ে। আর মেয়ে থাকে কানাডায়। বাপের পোদ্দারিতে বিলাসবহুল জীবনযাপন করে তারা।

এসব নিয়ে মতিউর রহমান বেশ বিপদে আছেন। তাকে এনবিআর থেকে সরিয়ে দেওয়া হয়েছে। করা হয়েছে ওএসডি। সর্বশেষ খবরে দেখলাম ভদ্রলোক আখাউড়া বর্ডার দিয়ে দেশ ছেড়ে পালিয়েছেন! আবার ইমিগ্রেশন কর্মকর্তা জানিয়েছেন খবরটি সত্য নয়, গুজব।

মতিউর রহমানের ছেলে ১৫ লাখ টাকা দিয়ে কোরবানির ছাগল না কিনলে সম্ভবত তার এই অঢেল সম্পত্তি জনগণের দৃষ্টিতে আসতো না, পত্রিকায় আসতো না, প্রশাসনকে ব্যস্ত হতে হতো না। বলতে বাধা নেই একদিনে বা এক মাসে অথবা এক বছরে তিনি এই সম্পত্তির মালিক হয়নি। এতদিন সবাই চোখ বন্ধ করেছিল।

এমন সম্পত্তির মালিক তিনি একাই নন, তার পর্যায়ের অনেকেরই আছেন বলে ধারণা করা যেতে পারে। মতিউর রহমানের বিষয়টি আমাদের দৃষ্টিতে এসেছে, অন্যদের বিষয় দৃষ্টিতে আসেনি। পার্থক্য এটাই। এরা সাধারণ মানুষের হক মেরে নিজেদের সম্পত্তির পাহাড় গড়ে তোলে। দেশের মানুষদের দুর্ভাগ্যের জন্য এই মতিউর রহমানরাই দায়ী। এরা ভিন্ন দেশে সেকেন্ড হোম করে, কানাডায় বিলাসবহুল বেগমপাড়া বানায়, সুইস ব্যাংকে হাজার হাজার কোটি কালোটাকা জমায়।

এসব একদিনে হয়নি। বহু দিন বহু কাল বহু যুগ ধরে চলছে। এই দলে শুধু মতিউর রহমানদের মতো আমলারাই নয় বরং রাজনীতিক, ব্যবসায়ী চোরাকারবারি অনেকেই রয়েছে। অতি সম্প্রতি অবৈধ সম্পদের পাহাড় গড়ার অগ্রপথিক হিসেবে যাদের নাম পত্রপত্রিকায় আসছে তাদের মধ্যে যারা স্বনামে সবার কাছে পরিচিত তাদের দু-একজনের নাম বলতে গেলে বলতে হয় পুলিশের সাবেক মহাপরিচালক (আইজিপি) বেনজীর আহমেদের কথা। বলতে হয় ডিএমপির সাবেক কমিশনার আসাদুজ্জামান মিয়ার কথা, র‍্যাবের অতিরিক্ত পুলিশ সুপার উত্তম কুমার বিশ্বাসের কথা। প্রশ্ন হলো, এসব কীভাবে সম্ভব হয়! দেশে দুর্নীতি দমন কমিশন রয়েছে, রয়েছে বিভিন্ন গোয়েন্দা সংস্থা। এসব প্রতিষ্ঠানের কর্তাব্যক্তিদের চোখে মতিউর রহমান গং দীর্ঘদিনের অনৈতিক কীর্তিকলাপ ধরা পড়লো না। যখন ফেসবুকে একটি বিষয় ভাইরাল হলো তখন তাদের ঘুম ভাঙলো। তবে কি আবার আরেকটি মতিউর রহমানকে ধরার জন্য ফেসবুকে আরেকটি সংবাদ ভাইরালের অপেক্ষায় থাকতে হবে? এটি একটি রাষ্ট্রের জন্য অত্যন্ত দুঃখজনক।

আমাদের গোয়েন্দা সংস্থাগুলোতে যথেষ্ট দক্ষ জনবল রয়েছে বলে আমরা বিশ্বাস করি। দক্ষ জনবল রয়েছে বলেই দেশে যখন জঙ্গিবাদ জেঁকে বসেছিল, যখন গুলশানে হলি আর্টিসানের মর্মান্তিক ঘটনা ঘটানোর সাহস নিয়ে জঙ্গিরা বুক চিতিয়ে বিচরণ করছিল, তখন এই গোয়েন্দাদের রিপোর্টের ভিত্তিতেই দেশকে উগ্রবাদী জঙ্গিদের হাত থেকে মুক্ত করা সম্ভব হয়েছে। এই একটি বিষয়েই প্রমাণ করে যে সরকার আন্তরিকভাবে চাইলে সবকিছুই সম্ভব।

আবারও উল্লেখ করতে চাই, কানাডার বেগম পাড়ায় আলোচ্য মতিউর রহমানের মতো অনেক মতিউর রহমানদের বিলাসবহুল ভবন রয়েছে। সেখানে তাদের বেগম সাহেবারা সন্তানরা দেশের সাধারণ মানুষের মারা টাকায় দুই হাতে অর্থ ওড়াচ্ছে। আনন্দ ফুর্তি করছে। এ নিয়ে বহু লেখালেখি হয়েছে। সচিত্র প্রমাণ পত্রপত্রিকায়, সামাজিকমাধ্যমে উপস্থাপিত হয়েছে। মালয়েশিয়ার সেকেন্ড হোম নিয়ে কত কাণ্ডই না হলো, তারপর আবার নিস্তেজ হয়ে গেছে। প্রতিবছরই সুইস ব্যাংকগুলোর রিপোর্টের ভিত্তিতে বাংলাদেশিদের হাজার হাজার কোটি কালোটাকা জমা হওয়ার খবর আমরা শুনতে পাই। কিন্তু কেন যেন তাদের কিছুই হয় না। ↘ এরপর ৪৪ পৃষ্ঠায়



# সেন্টমার্টিন দ্বীপ সম্পর্কিত কল্পকাহিনী

ড. প্রণব কুমার পান্ডে



কয়েক মাসে মিয়ানমারের রাখাইন রাজ্যের পরিস্থিতি ব্যাপকভাবে পরিবর্তিত হয়েছে, কারণ আরাকান সেনাবাহিনী মিয়ানমার সেনাবাহিনীর সঙ্গে লড়াই করছে। সশস্ত্র সংঘাতের কারণে মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ (বিজিপি) বাংলাদেশ সীমান্তের কাছাকাছি কিছু এলাকায় আশ্রয় নিতে বাধ্য হয়েছে। তাছাড়া, আরাকান সেনাবাহিনী রাখাইন রাজ্যের উল্লেখযোগ্য এলাকা দখল করে নিয়েছে।

মিয়ানমারে চলমান 'গৃহযুদ্ধের' পরিণতির কারণে বাংলাদেশের ভূখণ্ডে যেন জনগণ আতঙ্কিত হয়ে না পড়েন সেজন্য বাংলাদেশ সরকারের দায়িত্বশীলরা এই বিষয়ে বিবৃতি প্রদান করে চলেছেন। যেহেতু, মিয়ানমারের বেশ কয়েকটি জাতিগত গোষ্ঠী কেন্দ্রীয় কর্তৃপক্ষের বিরুদ্ধে লড়াই করে চলেছে, ফলে, বাংলাদেশ ভূখণ্ডে কখনও কখনও অনাকাঙ্ক্ষিত গুলিবর্ষণের ঘটনা ঘটছে। তবে, বাংলাদেশ সরকার সতর্কতার সঙ্গে পরিস্থিতি মোকাবিলা করছে। অন্যদিকে, বাংলাদেশের বিরোধী রাজনৈতিক দলগুলো, বিশেষ করে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এবং তাদের অনুসারীরা, এই ঘটনাগুলোকে দেশের পররাষ্ট্রনীতির সমালোচনা করার জন্য ব্যবহার করে দাবি করছে যে সরকার দুর্বল কূটনীতির কারণে মিয়ানমার সরকারের প্রতি কঠোর বার্তা প্রেরণ করতে ব্যর্থ হচ্ছে। তাছাড়া এই গোষ্ঠী সেন্টমার্টিন দ্বীপ নিয়ে বিভিন্ন ধরনের বিভ্রান্তিকর তথ্য ছড়াচ্ছে।

রাখাইন রাজ্যে রক্তপাত কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। বরং চলমান ঘটনার মাধ্যমে মিয়ানমারজুড়ে অস্থিতিশীলতার একটি বৃহত্তর প্রবণতা ফুটে উঠেছে। স্বায়ত্তশাসন বা আরও অধিকারের দাবিতে বেশ কয়েকটি জাতিগত গোষ্ঠীর সঙ্গে জড়িত অভ্যন্তরীণ দ্বন্দ্ব দেশটিকে বিভিন্ন ধরনের সমস্যায় জর্জরিত করে রেখেছে। সামরিক বাহিনীর শাস্তিমূলক ব্যবস্থা এবং মিয়ানমার সরকারের জবরদস্তিমূলক নীতিগুলো এই বিষয়গুলোকে আরও খারাপ করেছে। মিয়ানমার সেনাবাহিনীর সবচেয়ে শক্তিশালী বিরোধীদের মধ্যে রয়েছে আরাকান আর্মি, যা রাখাইন সম্প্রদায়কে প্রতিনিধিত্ব করে। তাদের মূল দাবি রাখাইন রাজ্যের স্বায়ত্তশাসন। ফলে, চলমান পরিস্থিতি বাংলাদেশের জন্য একটি সূক্ষ্ম কূটনৈতিক অচলাবস্থা সৃষ্টি করেছে। একদিকে সরকারকে যেমন জনগণের, বিশেষ করে যারা সেন্টমার্টিন দ্বীপ পরিদর্শন করেন এবং সীমান্ত অঞ্চলে বসবাস করেন, সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে তাদের। অন্যদিকে, সরকারকে অবশ্যই আঞ্চলিক ভূ-রাজনীতির জটিল সমীকরণের মধ্যে সিদ্ধান্ত নিতে হবে। ফলে, দেশের সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি মিয়ানমারের সঙ্গে সরাসরি যুদ্ধ এড়ানোর সিদ্ধান্তের ভারসাম্য বজায় রাখতে হবে।



বাংলাদেশ সেনাবাহিনীর ইন্টার-সার্ভিসেস পাবলিক রিলেশনস (আইএসপিআর) চলমান সমস্যা এবং এই বিষয়ে বিভিন্ন মিথ্যা তথ্য প্রচারের প্রতিক্রিয়ায় বিষয়গুলো পরিষ্কার করার উদ্দেশ্যে একটি বিবৃতি প্রকাশ করে। আইএসপিআর-এর বিবৃতিতে উল্লেখ করা হয়েছে, রাখাইন রাজ্যে মিয়ানমারের সেনাবাহিনী আরাকান সেনাবাহিনীর বিরুদ্ধে যৌথ অপারেশন পরিচালনা করছে। এই কার্যকলাপের ফলে নাফ নদী এবং অন্যান্য মোহনায় বাংলাদেশি নৌকাগুলোর ওপর অনাকাঙ্ক্ষিত গুলিবর্ষণের ঘটনা ঘটছে। সীমান্তে শান্তি ও নিরাপত্তা রক্ষার গুরুত্বের ওপর জোর দিয়ে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় গত ১২ জুন সাম্প্রতিক ঘটনাবলি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

বিবৃতিতে আরও উল্লেখ করা হয়েছে যে বাংলাদেশের সমুদ্র রক্ষী বাহিনী ক্রমাগত সামুদ্রিক সীমান্তে টহল দিচ্ছে এবং বাংলাদেশি জলপথের নিরাপত্তা নিশ্চিত করছে। একই সঙ্গে মিয়ানমারের নৌবাহিনীর কার্যক্রমের ওপর নজর রাখছে। এই উদ্যোগগুলো সত্ত্বেও, সেন্টমার্টিনের দ্বীপের নিরাপত্তা সম্পর্কিত মিথ্যা তথ্য সোশ্যাল মিডিয়ায় প্রচারিত হচ্ছে বিধায় জনসাধারণের মনে কিছুটা উদ্বেগ জন্ম নিয়েছে।

আইএসপিআর-এর বিবৃতিসহ কূটনৈতিক মন্তব্যগুলো সরকারের সতর্ক অবস্থানের পরিচায়ক, যার মাধ্যমে যে বিষয়টি পরিষ্কার হয়েছে তা হলো সরকার এই বিষয়টির জটিলতা সম্পর্কে সচেতন। তবে, বিএনপি ও তাদের সমর্থকদের সমালোচনা স্থানীয় রাজনৈতিক প্রেক্ষাপটে দেশের জনগণের মধ্যে ভুল বার্তা প্রদান করতে পারে। আমাদের মনে রাখতে হবে, এই ধরনের মিথ্যা তথ্য ছড়ানো নতুন কিছু নয়। ফলে, দুর্বল বৈদেশিক নীতির অভিযোগ তুলে কোনও রাজনৈতিক সুবিধা অর্জন করতে সক্ষম হবে না বিরোধী রাজনৈতিক গোষ্ঠী।

তবে, বাংলাদেশ সরকারকে সুনির্দিষ্টভাবে জোরালো পদক্ষেপের মাধ্যমে এই অভিযোগগুলোর জবাব দিতে হবে, যা জাতীয় নিরাপত্তার প্রতি জনগণের বিশ্বাসকে শক্তিশালী করবে। এক্ষেত্রে, নৌবাহিনী এবং উপকূলরক্ষী বাহিনীর উন্নত টহল একটি ইতিবাচক দৃষ্টিভঙ্গি হতে পারে। মিয়ানমারের সঙ্গে সম্পর্কের উন্নতির জন্য এবং আন্তর্জাতিক সীমান্তকে সম্মান জানাতে আঞ্চলিক রাষ্ট্রসমূহ ও আন্তর্জাতিক সংস্থাগুলোকে যুক্ত করার জন্য কূটনৈতিক প্রচেষ্টা জোরদার করতে হবে।

ইতোমধ্যে, বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জমান খাঁন কামাল আরাকান সেনাবাহিনী এবং মিয়ানমার সেনাবাহিনীকে একটি কঠোর সতর্কবার্তা প্রদান করা হয়েছে মর্মে মিডিয়ায় বলেছেন। তিনি দ্ব্যর্থহীনভাবে এরপর ৪৯ পৃষ্ঠায়

> এই পরিস্থিতি মোকাবিলার মাধ্যমে দেশের শক্তিশালী প্রতিরক্ষা ব্যবস্থার বিষয়টি উঠে এসেছে। সাধারণত, বিরোধী দলগুলো সরকারের যেকোনও সিদ্ধান্তের বিরোধিতা করে তাদের মতামত প্রকাশ করে। রাজনৈতিক ফায়দা লাভের জন্য সরকারের সমালোচনা করার অধিকার তাদের রয়েছে। তবে রাজনৈতিক ফায়দার জন্য বিরোধী রাজনৈতিক দলগুলোর মিথ্যা তথ্য প্রচার উচিত নয়। বাংলাদেশের জনগণ প্রধানমন্ত্রীকে দৃঢ়ভাবে বিশ্বাস করেন, যিনি গত ১৫ বছর ধরে দেশের উন্নয়নের জন্য অক্লান্ত পরিশ্রম করে চলেছেন। ফলে, বিরোধীদের প্রচার করা বিভ্রান্তিকর তথ্য সরকারের অবস্থানের ক্ষতি করবে না। ফলে, জনগণের উচিত সেন্টমার্টিন দ্বীপ সম্পর্কিত মিথ্যা ও কল্পকাহিনীকে বিশ্বাস না করে প্রকৃত সত্য অনুসন্ধান করা




GOLDEN AGE
HOME CARE
GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA AND CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে সহায়তা করা হয়।
Shah Nawaz MBA
President & CEO, 646-591-8396
JACKSON HTS OFFICE
71-24 35th Ave
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852
Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983
Fax: 347-275-9834
YONKERS OFFICE
558 E Kimball Ave
Yonkers, NY 10704
Ph: 718-650-6912
Fax: 917-396-4115
HILLSIDE AVE. OFFICE
170-18A Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-530-1820
Fax: 917-396-4115
JAMAICA AVE. OFFICE
180-15 Jamaica Ave
Jamaica, NY 11432
Ph: 718-481-8992
Fax: 917-396-4115
ASTORIA OFFICE
36-07 31 Street,
Astoria, NY 11106
Ph: 718-540-4130
Fax: 917-396-4115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

# বিরাট মূল্যহ্রাস

# BISMILLAH

## HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

১০টি কালার রেড/ব্লাক চিকেন কিনলে ২টি কালার চিকেন ফ্রি অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি

৩টি রেড হার্ড চিকেন $17.99 ৬টি রেড/ব্লাক চিকেন কিনলে ১টি রেড হার্ড চিকেন ফ্রি

আরো রয়েছে কোয়েল, কবুতর, তিতি মুরগী, বালিহাঁস, রেগুলার হাঁস, চাকার পাখি, রাতা মোরগ, কোয়েল ডিম, হাঁসের ডিম, মুরগীর ডিম, অর্গানিক ডিম

**স্পেশাল সেল**

**৩টি রেড হার্ড চিকেন $17.99**

Approved by

SBNY
Shariah Board New York

HALAL MONITORING SERVICES ™
حلال HMS
CERTIFIED HAND ZABIHA

শরীয়াহ বোর্ড কর্তৃক একমাত্র অনুমোদিত হালাল পোলট্রি মার্কেট



আমাদের রয়েছে শরীয়াবোর্ড অনুমোদিত প্রতিদিন জবেহকৃত গোট ও বিফ


এছাড়াও এখানে পাবেন সকল ধরণের বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছ
ইলিশ, রুই, কাতল, মৃঘেল, কোরাল, গলদা চিংড়ী, কই, বাইলা, মলা, কাচঁকিসহ বিভিন্ন ধরণের মাছ



প্রতিদিন স্পেশাল ঃ বিফ উইথ বোর্ন $3.99
অল হোয়াইট চিকেন $2.99

শুধুমাত্র সীমিত সময়ের জন্য

Scan Here to Shop & Get Free Delivery



ফ্রি ডেলিভারী
মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp
MasterCard VISA AMERICAN EXPRESS DISCOVER

Open 7 Days: 8:00am to 7:00pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)

**718.205-7200 | 718.205.8262**


NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ
নবান্নেই
• আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
• পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
• আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
• সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
OUR SERVICES
TLC INSURANCE
TLC Base (Black & Green Cab)
TLC Car & Plate Rent
DMV & TLC Service
Auto, Home & Business Ins.
Arif Shahriar
President & CEO
41-05 69th Street, Woodside, NY 11377
718-567-5600
info@libertybkg.com
www.libertybkg.com

# বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা

## ওমরাহ প্যাকেজ





আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত




পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহূর্তে



পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

### সামার সেল চলছে

বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন




DELTA AIR LINES
American Airlines
Biman Bangladesh Airlines
Kuwait Airways
Etihad Airways
Emirates
Qatar Airways

**প্যাকেজ বিবরণ**

- বিমান ভাড়া ও হোটেল।
- ভিসা, মোয়াল্লেম।
- জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
- মক্কা ও মদিনায় জিয়ারা।
- মক্কা ও মদিনায় যাতায়াত।
- ৫/৩ ষ্টার হোটেল।

★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি
★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি



Mohammad B Hossain (Belal)
President & CEO

আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ

### বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



Moin Choudhury, Esq

# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# SmartTech
IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

## Learn QA Test Engineer

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ

- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372

# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

EAT
EXPERT AUTOMATION TEAM

Learn and Start a Career in Tech.

Earn $90k to $115k Annually.
Job Placement Assistance Available

646-321-7507 | 646-262-0268
info@expertautomationteam.com
www.ExpertAutomationTeam.com

QA Automation with Java Selenium

QA Automation with Python Selenium

QA Automation with Cypress JavaScript

QA Automation with API Testing

QA Automation with Performance Testing

DevTangle

Fullstack IT Solutions and Digital Marketing Agency

Do you have an online presence? Would having additional business revenue help?

Contact Us Today.

646-321-7507
ask@devtangle.com
www.DevTangle.com

Custom Web Development

Custom Software Development

Mobile App Development

UI/UX Design

Tech Consulting and Strategy

Digital Marketing



# মক্কা-মদিনার সম্মান ও মর্যাদা

ড. মো. শাহজাহান কবীর



পবিত্র নগরী মক্কা ও মদিনা দুনিয়ার সবচেয়ে মর্যাদা ও সম্মানের স্থান। এ দুই স্থানে অবস্থিত পবিত্র কাবা শরিফ ও রাসুলে পাক (সা.)-এর রওজা শরিফ। রাসুলে পাক (সা.) এ দুই স্থানের সুস্পষ্ট ফজিলত ও মর্যাদা ঘোষণা করেছেন। হজ ও ওমরাহ উপলক্ষ্যে সারা বিশ্বের লাখ লাখ মুসলিম বছরব্যাপী এ দুই পবিত্র নগরীতে আসা-যাওয়া করেন। তাদের এ আসা-যাওয়ায় মক্কা-মদিনার ইজ্জত ও সম্মানের প্রতি লক্ষ্য রাখা অত্যন্ত জরুরি। মহান আল্লাহ মক্কার হারাম শরিফকে সম্মানিত ঘোষণা করে সুরা আলে ইমরানের ৯৬ আয়াতে এরশাদ করেন, 'এ কথা নিঃসন্দেহ যে, মক্কায় অবস্থিত ঘরখানাকেই সর্বপ্রথম মানুষের ইবাদতের ঘর হিসেবে তৈরি করা হয়েছে।' মহান আল্লাহর এ ঘোষণা থেকে স্পষ্টতই বোঝা যাচ্ছে, মক্কায় অবস্থিত মানুষের প্রথম ইবাদতখানা হওয়ার কারণেই তার এত মর্যাদা। এ ঘরের মর্যাদা ও গুরুত্ব বর্ণনা করে আল্লাহতায়ালা সুরা আলে ইমরানের ৯৭ আয়াতে এরশাদ করেন, 'উহাকে কল্যাণ ও মঙ্গলময় করে দেয়া হয়েছিল এবং সমগ্র বিশ্ববাসীর জন্য হেদায়াত লাভের কেন্দ্র বানানো হয়েছিল উহাতে সুস্পষ্ট নিদর্শনসমূহ রয়েছে।' মক্কার হেরেমের মর্যাদা সম্পর্কে আল্লাহতায়ালা রাসূলে পাক (সা.) এর উদ্দেশে সুরা নমল এর ৯১ আয়াতে এরশাদ করেন, 'হে রাসুল! তুমি তাদেরকে জানিয়ে দাও যে, আমাকে এ নির্দেশই দেয়া হয়েছে যে, এ শহরের রবের দাসত্ব করব যিনি একে মহিমান্বিত করেছেন, তিনি সব জিনিসের মালিকও বটে, আমাকে নির্দেশ দেয়া হয়েছে যেন আমি মুসলমান হয়ে জীবনযাপন করি।' হজরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেন, মক্কা বিজয়ের দিন রাসুলে পাক (সা.) ঘোষণা করেন, নিশ্চয়ই আসমান জমিন সৃষ্টির দিনই আল্লাহ এই মক্কা নগরীকে সম্মানিত করেছেন। সুতরাং কেয়ামত এরপর ২৮ পৃষ্ঠায়

# মহানবী (সা.)-এর যে ভাষণ শুনে অশ্রুসিক্ত হয়েছিল সাহাবিদের চোখ

শরিফ আহমাদ

পৃথিবীর সব নবী-রাসুলের কথাবার্তা ও ভাষণ ছিল সত্য, সুন্দর ও হৃদয়গ্রাহী। মহান আল্লাহ তাঁদের সুবক্তা হওয়ার গুণাবলি ও যোগ্যতা দিয়ে পাঠিয়েছেন। সেগুলো কাজে লাগিয়ে তাঁরা মানুষের হৃদয়রাজ্য জয় করেছেন। পৃথিবীর প্রান্তে প্রান্তে পৌঁছে দিয়েছেন দ্বিনের দাওয়াত। অনেক নবী-রাসুলের ভাষণের চুম্বকাংশ কোরআনে বর্ণিত হয়েছে। আখেরি নবী মহানবী মুহাম্মদ (সা.)-এর প্রদত্ত ভাষণ, ভাষণের নীতি সব কিছু হাদিস ও সিরাতের কিতাবে সংরক্ষিত আছে। এগুলোর ব্যাপকভাবে প্রচার-প্রসার করা বড় প্রয়োজন। এখানে মুহাম্মদ (সা.)-এর ভাষণের নীতিমালা নিয়ে আলোচনা করা হলো :

ভাষণের বিভিন্ন মঞ্চ : রাসুলুল্লাহ (সা.) স্থান-কাল-পাত্রভেদে কখনো দাঁড়িয়ে কিংবা বসে ভাষণ দিয়েছেন। নবুয়তপ্রাপ্তির পর রাসুলুল্লাহ (সা.) সাফা পাহাড়ে উঠে স্বীয় কুরাইশ গোত্রের গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিত করে প্রথম ভাষণ দিয়েছিলেন। (সহিহ বুখারী, হাদিস : ৪৬১১)।

এরপর ২৮ পৃষ্ঠায়




# শান্তি-সম্প্রীতির শিক্ষা দেয় ইসলাম

মাহমুদ আহমদ

প্রতিটি ধর্মই শান্তি আর সম্প্রীতির শিক্ষা দেয়। যেখানে সন্ত্রাস সেখানে ইসলাম নেই। সারা পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার জন্যই ইসলাম নামের ধর্ম আল্লাহতায়ালা এই পৃথিবীতে সর্বশ্রেষ্ঠ নবী হজরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহে ওয়া সাল্লামকে শান্তির অমিয় বাণী দিয়ে পাঠিয়েছেন। যারা সামাজিক পরিমণ্ডলে বিশৃঙ্খল পরিস্থিতি সৃষ্টি করতে চায়, ত্রাসের রাজত্ব কায়েম করতে চায়, রক্তপাত ঘটায়, ধ্বংসযজ্ঞ এবং নৈতিকতা বর্জিত ইসলামিক কর্মকাণ্ড চালায় তারা কখনো শান্তির ধর্ম ইসলামের অনুসারী হতে পারে না। শান্তির ধর্ম ইসলামে কোনোভাবেই নৈরাজ্য সৃষ্টি করার অনুমতি দেয় না বরং যারা নৈরাজ্য সৃষ্টি করে তাদের জন্য ভয়াবহ শাস্তির কথাও রয়েছে। যেমন পবিত্র কুরআনে আল্লাহপাক ইরশাদ করেন, 'যারা আল্লাহ ও তার রাসুলের বিরুদ্ধে যুদ্ধ করে এবং দেশে নৈরাজ্য সৃষ্টি করার অপচেষ্টা চালায়, নিশ্চয় তাদের সমুচিত শাস্তি হলো নৃশংসভাবে তাদের হত্যা করা বা ক্রুশে দিয়ে মারা অথবা তাদের হাত-পা বিপরীত দিক থেকে কেটে ফেলা কিংবা তাদের নির্বাসিত করা। এটা হলো তাদের জন্য ইহকালের লাঞ্ছনা এবং পরকালেও রয়েছে তাদের জন্য এক মহা আজাব (সুরা আল মায়েদা : ৩৩)। রাষ্ট্র বা সমাজের সামগ্রিক স্বার্থে ও প্রয়োজনে বিপজ্জনক সর্বনাশা দুষ্কৃতকারীকে কঠোরতম শাস্তি প্রদানে ইসলাম ইতস্তত করে না। পবিত্র কুরআনে আল্লাহপাক আরো ইরশাদ করেন, 'আর পৃথিবীতে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠিত হওয়ার পর তোমরা এতে বিশৃঙ্খলা সৃষ্টি করো না' (সুরা আল আরাফ : ৫৬)। সমাজে বিশৃঙ্খলা করার কোনো শিক্ষা ইসলামে পাওয়া যায় না। যারা দেশে অরাজকতা সৃষ্টি করে তারা শুধু শান্তিকামী মানুষেরই শত্রু নয় বরং তারা মহান আল্লাহতাআলারও শত্রু। ইসলাম আমাদের উচ্ছৃঙ্খল জীবন পরিহার করে বিনয়ী এবং নম্র হয়ে চলার শিক্ষা দেয়। কাউকে হত্যার ব্যাপারে মহানবী (সা.) বলেছেন, 'কেয়ামতের দিন মানুষের মধ্যে সর্বপ্রথম যে মোকদ্দমার ফয়সালা করা হবে, তা হবে রক্তপাত অর্থাৎ হত্যা সম্পর্কিত' (বোখারি)। আল্লাহপাক আমাদের সবাইকে প্রকৃত ইসলামের শিক্ষা অনুসারে জীবন পরিচালনার তৌফিক দান করুন, আমিন।



লেখক: ইসলামি গবেষক ও কলামিষ্ট।



# সুরা ইখলাসের ফজিলত

আবরার নাঈম

আল-কোরআন। মানবজীবনের সংবিধান। হক-বাতিলের মধ্যে পার্থক্য সৃষ্টিকারী। দোজাহানে সফলতার চাবিকাঠি। পবিত্র কোরআনের বহু জায়গায় আল্লাহ তায়ালা সুনিপুণভাবে তার নিজ সত্তার পরিচয় তুলে ধরেছেন। যেমন- আয়াতুল কোরসি, সুরা হাশরের শেষ তিন আয়াত। তেমনি সুরা ইখলাসেও তিনি তার একত্ববাদ, মহত্ত্ব ও বড়ত্বের ঘোষণা দিয়েছেন। আল্লাহতায়ালা নবীজিকে (সা.) সম্বোধন করে বলেন, 'আপনি বলুন- ১. তিনিই আল্লাহ, একক-অদ্বিতীয়; ২. আল্লাহ কারো মুখাপেক্ষী নন; ৩. তাঁর কোনো সন্তান নেই এবং তিনিও কারো সন্তান নন; ৪. তাঁর সমতুল্য কেউ নেই।

হাদিসে বর্ণিত হয়েছে, সুরা ইখলাস পাঠের বহু গুরুত্ব ও ফজিলত। সুরা ইখলাস কোরআনের তিন ভাগের এক ভাগ- হজরত আবু সাঈদ খুদরি (রা.) থেকে বর্ণিত হয়েছে- তিনি বলেন, নবী (সা.) তাঁর সাহাবিদের বলেছেন, 'তোমাদের কেউ কি এক রাতে কোরআনের এক-তৃতীয়াংশ তিলাওয়াত করা এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি

Prayer Times For New York City জুন-জুলাই ২০২৪

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ২৯ | ৩:৪৯ | ৫:২৮ | ০১:০০ | ৬:১৩ | ৮:৩১ | ১০:১০ |
| ৩০ | ৩:৪৯ | ৫:২৮ | ০১:০০ | ৬:১৩ | ৮:৩১ | ১০:১০ |
| ০১ | ৩:৫০ | ৫:২৯ | ০১:০০ | ৫:০০ | ৮:৩১ | ১০:১০ |
| ০২ | ৩:৫০ | ৫:২৯ | ০১:০০ | ৫:০০ | ৮:৩১ | ১০:১০ |
| ০৩ | ৩:৫১ | ৫:৩০ | ০১:০০ | ৫:০০ | ৮:৩১ | ১০:০৯ |
| ০৪ | ৩:৫২ | ৫:৩০ | ০১:০১ | ৫:০০ | ৮:৩০ | ১০:০৯ |
| ০৫ | ৩:৫৩ | ৫:৩১ | ০১:০১ | ৫:০০ | ৮:৩০ | ১০:০৮ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

## 37-22 73 Street Suite # 1C
## Jackson Heights, NY 11372

# 347-659-8842


## 7 DAYS OPEN



আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

# এ সপ্তাহের কবিতা



## বিশ্রুতি বিপর্যয়
### কাজী আতীক

যখোন বিচ্যুতিগুলো সশব্দ প্রকট
বিভ্রম খেয়ায় ভাসে অসঙ্গত অভিলাষ
তারপরও যেন সবকিছুই ঠিকঠাক,
এতোটাই নিলাজ অভিব্যক্তি-
নির্বিকার ব্যস্ততা সবার আয়োজনে মধুরাত।

বিশ্রুত বাসনায় পূর্ণ কদর্য অবগাহন
যদি আরোহণ নির্ধারক হয় সখ্যতা সংযোগ
তবে নিশ্চিত ডেকে আনে বিশ্রুতি বিপর্যয়।

এখন যখোন সব বিচ্যুতিগুলো সশব্দ প্রকট
অনন্তর অসাধু সংযোগ বিকল্পগুলো নিয়ত সচল।

লেখক: কবি, নিউইয়র্ক।



## মেঘবিরতির স্টেশন
### ফকির ইলিয়াস

জানি পরবর্তী স্টেশনে গিয়েই আমি নেমে যাব।
কিছু উন্মুল হাওয়া আর বিস্মৃত গান,
জড়িয়ে ধরবে আমার ছায়া। মাথায়,
হাত বুলাতে বুলাতে, একটি দুপুর আমাকে
শোনাবে সান্ত্বনা-বাণী। বলবে, ভুলে যাও
এই পৃথিবী মানুষের ছিল! মনে করো,
এটি কংকালের শহর, পাথরের রাজ্য!

আমি অনেক কিছুই ভুলতে চাইব না। স্টেশনের
প্লাটফর্ম জুড়ে আঁকা বড় বড় গ্রাফিতিগুলোর
কাছে জানতে চাইব, ওই আঁকিয়ের নাম।
জানতে চাইব, রাতের ট্রেনগুলো কতটা
দেরী করে আসে!

মানুষের ছায়া-ঢোমাকাররাীরা,
এই স্টেশনে নামে কী না- জানতে চাইব সে কথাও!
হাতের পাঁচটি আঙুল গুণে,
দেখতে চাইব, আমাদের প্রিয় বৃক্ষের ভবিষ্যত।

কবিকে ভবিষ্যতের আকাশ লিখতে হয়।
কবিকে জানতে হয় সূর্যকামী প্রেমের নামতা।
কথাগুলো স্টেশনমাস্টারকে জানিয়ে যেতে যেতে,
আমি উঠে পড়ব পরবর্তী গন্তব্যের ট্রেনে।
ততক্ষণে আমি শেষ করে নেব,
তোমার ঠোঁটে লাগা মেঘবিরতি পাঠ!

লেখক: কবি, নিউইয়র্ক।



## দোষ দেখি যে
### নার্গিস চৌধুরী

অমুক খারাপ তমুক খারাপ সবাই খারাপ আমি বাদে
নিজের ঢোলতো সবাই বাজায় সবাই কেমন গলা সাধে
ঘরের খেয়ে পরের গীবত গাইতে যেমন ভালো লাগে
নিজের কোনো দোষ দেখিনা নিজের মনেই খুশী জাগে
কারোর ভালো দেখলে পরে বড্ড বেশী হিংসে লাগে
স্বার্থপরের তকমা এটে নিজের ভালো সবার আগে ।

মিথ্যে রোষে আমার উপর লাগতে যদি আসিস তোরা
ধড় থেকে ওই মুন্ডুটাকে ছাড়িয়ে নিয়ে করব সারা
কইরে আমার আঙুরবালা কইরে আমার তপস্বিনী
তোরা তো সব কচুর লতি, আমিই কেবল রায়বাঘিনী

লেখক: কবি, মায়ামি।

# চমক দেখি তার



### কাজী জহিরুল ইসলাম

এসেছিল, ঠিক কবিতা যেভাবে আসে সেভাবেই, বেশ খানিকটা লেখার পরে টের পাই, এর কলেবর দীর্ঘ হবে। কোনো পরিকল্পনা ছিল না মাত্রাবৃত্ত ছন্দে, তাও আবার সাত মাত্রার পর্বে, এবং তাও পূর্ণ পর্বে একটি দীর্ঘ কবিতা লিখব।

এমন চিন্তাও করিনি। বরং প্রায়শই মনে হত যদি ধরা দেয় তাহলে বাংলাদেশের রঙ, রূপ, রস নিয়ে অক্ষরবৃত্ত ছন্দে একটি দীর্ঘ কবিতা লিখবো। তাছাড়া স্বরবৃত্তে 'শেষ বিকেলের গান' এবং মাত্রাবৃত্তে 'ভোরের হাওয়া' লেখার পরে এখন যে বইটি আমি লিখছি সেটি অক্ষরবৃত্ত ছন্দে, 'রোদেলা দুপুর'। মাত্রাবৃত্ত এবং স্বরবৃত্ত ছন্দকে আমি এই মুহূর্তে যতটা পারি এড়িয়েই চলছি। কিন্তু কবিতা প্রায়শই কবির নিয়ন্ত্রণের বাইরে থাকে। কবিতা নিজেই এক স্বাধীন সত্তা, কবি তাকে লেখেন বটে কিন্তু কবির ইচ্ছের পূর্ণ প্রতিফলন তাতে ঘটে না।



যখন বুঝতে পারলাম এটি এক দীর্ঘ পথের দিকে ইঙ্গিত করছে তখন আমার চোখের সামনে শক্তি চট্টোপাধ্যায়ের দীর্ঘ কবিতা 'অনন্ত নক্ষত্রবীথি তুমি,

এরপর ৪৪ পৃষ্ঠায়



## ধীবর
### মাসুদ খান

তুমি তো ধীবর জাত,          সারাদিন সারারাত
বসে থাকো নদীর কিনারে
জাল ফেলে নিশ্চুপ,          এই ধৈর্যের রূপ
আহা কোথাও তো দেখি না রে।

এমন জাদুর জালে          কত মাছে, শৈবালে
ছুটে এসে দেয় আত্মাহুতি।
তুমি জাত-জলদাস,          তবু এ কী পরিহাস
মাছে দেখি জাগে অনুভূতি!

ধীবরের শাদা মন,          সদা ভাবছ কখন
নদী জাগে মাছের জোয়ারে!
তুমি তো ধীবর জাত,          সারাদিন সারারাত
বসে থাকো নদীর কিনারে।

জল ও জালের লীলা,          তরলে ভাসায় শিলা
ঘাই মারে মৎস্যরতন
জাল নয়, কালাচাঁদ,          মায়া লাগানোর ফাঁদ,
ত্রিভুবনে কী আছে অমন?

জালের মায়ায় মঁজে,          সাধু ধীবরের খোঁজে
ধেয়ে আসে আধেয়, আধারে।
